রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ৬, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

( মূল্য সংযোজন কর )

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬শে জ্যৈষ্ঠ, ১৪০১ বাং/ ৯ই জুন, ১৯৯৪ ইং

এস, আর, ও, নং-X -আইন/৯৪/৯০ -মূসক। -মূল্য সংযোজন কর আইন ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(খখ) "ধারা" অর্থ আইনের ধারা;";



মূল্য ঃ ৩.০০ টাকা

(২) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"৩। মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্য ঘোষণা।– (১) করযোগ্য পণ্য সরবরাহের পূর্বে নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক উৎপাদিত পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর ধার্যের জন্য ধারা ৫ অনুযায়ী মূল্য ভিত্তির একটি ঘোষণা ফরম "মূসক–১" এ (প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ) সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন। এইরূপ ঘোষণার ভিত্তিতেই, ঘোষণা দাখিলের তারিখ হইতে, নিবন্ধিত ব্যক্তি তাহার সরবরাহযোগ্য পণ্যের উপর প্রদেয় কর নির্ধারণ ও পরিশোধ পূর্বক পণ্য সরবরাহ করিতে পারিবেন।

(২) উপ–বিধি (১) অনুযায়ী মূল্য ভিত্তি ঘোষণা প্রাপ্তির পর সাত কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা, ঘোষিত মূল্য ভিত্তি ধারা ৫ এর বিধানাবলীর সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, ঘোষণাপত্রের বিষয়ে তাঁহার অনাপত্তি লিপিবদ্ধ করিয়া ঘোষণাপত্রের একটি অনুলিপি নিবন্ধিত ব্যক্তিকে ফেরত প্রদান করিবেন।

(৩) উপ–বিধি (১) অনুযায়ী দাখিলকৃত ঘোষণাপত্র ধারা ৫ এর বিধানাবলীর সহিত অসংগতিপূর্ণ হইলে বিভাগীয় কর্মকর্তা ঘোষণাপত্র প্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে তাঁহার আপত্তি লিখিতভাবে নিবন্ধিত ব্যক্তিকে জানাইবেন এবং উহা প্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে নিবন্ধিত ব্যক্তিকে তাঁহার জবাব প্রেরণ করিবার এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৪) নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রেরিত লিখিত জবাব প্রাপ্তির পনের কার্যদিবসের মধ্যে প্রাপ্ত জবাব বিবেচনা এবং, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর বিভাগীয় কর্মকর্তা তাঁহার চূড়ান্ত সিদ্ধান্ত লিখিতভাবে তাহাকে জানাইবেন এবং উক্ত সিদ্ধান্ত ঘোষণাপত্র দাখিলের তারিখ হইতে কার্যকর হইবে।

(৫) উপ–বিধি (১) অনুযায়ী দাখিলকৃত বা উপ–বিধি (২) অনুযায়ী গৃহীত ঘোষণাপত্রে কোন পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর করিবার সাত কার্যদিবসের পূর্বে নিবন্ধিত ব্যক্তি একটি নূতন ঘোষণাপত্র বা পেশকৃত বা গৃহীত ঘোষণাপত্রের সংশোধনী, যাহাই প্রযোজ্য হউক না কেন, বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৬) ধারা ৫ এর উপ–ধারা (৫) অনুযায়ী বাণিজ্য বাটা প্রদানের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তিকে আসল এবং বাণিজ্য বাটা প্রদানের পর যে মূল্যে পণ্য সরবরাহ হইবে সেই মূল্য এবং যে মেয়াদের জন্য বাণিজ্য বাটা কার্যকর হইবে সেই মেয়াদ উল্লেখ পূর্বক একটি জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি

প্রচার ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিতে হইবে এবং বাণিজ্য বাটার পরিমাণ প্রকৃত মূল্যের পনের শতাংশের অধিক হইতে পারিবে না এবং যে কোন বার মাস সময়ে সর্বোচ্চ তিরিশ দিনের জন্য বাণিজ্য বাটা প্রদান করা যাইবে।

(৭) উপ-বিধি (১) হইতে (৬) এ যাহাই থাকুক না কেন, কালেক্টর নিবন্ধিত ব্যক্তির আবেদনক্রমে বা স্বতঃপ্রবৃত্ত হইয়া পণ্যের বাজার মূল্য উঠানামার কারণে বা তাঁহার বিবেচনায় অন্য কোন বিশেষ কারণে কোন পণ্য বা পণ্য শ্রেণীর ক্ষেত্রে কর নিরূপণের জন্য মূল্য ভিত্তি স্থির করিতে পরিবেন।

(৮) সরবরাহযোগ্য পণ্যের ঘোষিত মূল্য তালিকা পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলের এইরূপ কোন স্থানে আঁটিয়া রাখিতে হইবে যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর হয়।";

(৩) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"৪। টার্ণওভার কর প্রদান।- (১) যে কোন করযোগ্য পণ্য সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারীর বার্ষিক টার্ণওভার পনের লক্ষ টাকার নিম্নে হইলে তাহাকে বার্ষিক টার্ণওভারের উপর দুই শতাংশ হারে টার্ণওভার কর প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী টার্ণওভার কর প্রদানে বাধ্য কোন ব্যক্তিকে টার্ণওভার কর প্রদানের নিমিত্তে বিভাগীয় কর্মকর্তার নিকট তালিকাভুক্ত হইতে হইবে। এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফরম "মূসক-২" এ বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিতে হইবে। বিভাগীয় কর্মকর্তা আবেদনকারীর বার্ষিক টার্ণওভার সম্পর্কে সন্তুষ্ট হইলে তাহাকে আবেদনপত্র প্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে তালিকাভুক্ত করিবেন এবং ফরম "মূসক-৩" এ তৎসম্পর্কে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

(৩) তালিকাভুক্ত যে কোন ব্যক্তিকে তালিকাভুক্তির তারিখ হইতেই টার্ণওভার কর প্রদান করিতে হইবে।

(৪) তালিকাভুক্ত ব্যক্তি টার্ণওভার কর বার্ষিক এককালীন প্রদান করিতে পারিবেন। বার্ষিক এককালীন পরিশোধের ক্ষেত্রে তালিকাভুক্ত হওয়ায় পরবর্তী ত্রিশ দিনের মধ্যেই "১৮-অন্যান্য কর" খাতে সরকারী ট্রেজারীতে প্রদেয় টার্ণওভার কর জমা প্রদান করিতে হইবে। এককালীন টার্ণওভার কর প্রদানকারীকে বৎসরে শুধুমাত্র একবার ফরম "মূসক-৪" এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট একটি দাখিলপত্র পেশ করিতে হইবে এবং দাখিলপত্রের সহিত টার্ণওভার কর পরিশোধের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে।

(৫) তালিকাভুক্ত ব্যক্তি টার্ণওভার কর, ইচ্ছা করিলে, ত্রৈমাসিক ভিত্তিতেও প্রদান করিতে পারিবেন। এইরূপ ক্ষেত্রে তালিকাভুক্ত ব্যক্তিকে তালিকাভুক্ত হওয়ার তারিখ হইতে পরবর্তী ত্রিশ দিনের মধ্যে টার্ণওভার করের এক-চতুর্থাংশ পরিমাণ উপ-বিধি (৪) এ বর্ণিত ব্যবস্থায় পরিশোধ করিতে হইবে। অবশিষ্ট তিনটি কিস্তির প্রদেয় টার্ণওভার কর তালিকাভুক্ত হওয়ার তারিখ হইতে শুরু করিয়া প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পনের দিন পূর্বেই উপ-বিধি (৪) এ বর্ণিত ব্যবস্থায় পরিশোধ করিতে হইবে। ত্রৈমাসিক ভিত্তিতে টার্ণওভার কর পরিশোধের ক্ষেত্রে তালিকাভুক্ত হওয়ার দিন হইতে শুরু করিয়া প্রতি তিন মাস (ইংরেজী মাস) অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে ফরম "মূসক-৪" এ বিভাগীয় কর্মকর্তার নিকট পৃথক পৃথক কর মেয়াদের জন্য দাখিলপত্র পেশ করিতে হইবে এবং দাখিলপত্রের সহিত টার্ণওভার কর পরিশোধের প্রমাণ স্বরূপ ট্রেজারী চালানের মূল কপিও সংযুক্ত করিতে হইবে।

(৬) উপ-বিধি (১) এর বিধানমতে দুই শতাংশ হারে টার্ণওভার কর প্রদানযোগ্য তালিকাভুক্ত ব্যক্তি, ইচ্ছা করিলে, তাহার বার্ষিক প্রদেয় টার্ণওভার কর নির্ধারণের জন্য সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত টার্ণওভার কর নির্ধারণ কমিশন, অতঃপর কমিশন বলিয়া উল্লিখিত, এর নিকট ফরম "মূসক-২ ক" এ আবেদন করিতে পারিবেন; তবে মূল্য সংযোজন কর আইনের আওতায় নিবন্ধনের জন্য ন্যূনতম টার্ণওভারের পরিমাণ নির্ধারণ সম্পর্কিত কোন আবেদন কমিশনের নিকট দাখিল করা যাইবেনা।

(৭) কমিশনের সদর দপ্তর ঢাকায় অবস্থিত থাকিবে, তবে কমিশনের এক বা একাধিক সদস্যের সমন্বয়ে গঠিত এক বা একাধিক বেঞ্চ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময়ে, টার্ণওভার কর নির্ধারন ও টার্ণওভার কর সম্পর্কিত আপীল আবেদন গ্রহণ করিতে এবং তৎসম্পর্কে শুনানী গ্রহণ করিয়া উহা নিষ্পত্তি করিতে পারিবেন।

(৮) বার্ষিক টার্ণওভার কর নির্ধারন সম্পর্কিত আবেদন কমিশনের নিকট দাখিল করার পূর্বে আবেদনকারীকে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে উপ-বিধি (২) এ বর্ণিত তালিকাভুক্তির প্রত্যয়নপত্র গ্রহণ করিতে হইবে। তালিকাভুক্তির প্রত্যয়নপত্র ছাড়া কোন আবেদন বা আপীল কমিশনের নিকট গ্রহণযোগ্য হইবে না।

(৯) আবেদনে বর্ণিত তথ্যাদি বিবেচনা এবং, প্রযোজ্য ক্ষেত্রে,আবেদনকারীকে ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কমিশন বার্ষিক টার্ণওভার ও প্রদেয় টার্ণওভার কর নির্ধারনের প্রক্রিয়া চূড়ান্ত করিবেন এবং এতদসম্পর্কে গৃহীত সিদ্ধান্ত বা প্রদত্ত আদেশ সম্বন্ধে কমিশন লিখিতভাবে তাহাকে অবহিত করিবেন। কমিশন তৎকর্তৃক গৃহীত সিদ্ধান্ত বা প্রদত্ত আদেশের কপি সংশ্লিষ্ট এলাকার কালেক্টর ও বিভাগীয় কর্মকর্তার নিকট

সিদ্ধান্ত গ্রহণের বা আদেশ প্রদানের সাত কার্যদিবসের মধ্যে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করিবেন।

(১০) কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বা প্রদত্ত আদেশ কার্যকর থাকাকালীন সময়ে তালিকাভুক্ত ব্যক্তি তাহার টার্ণওভারের পরিমাণ স্বেচ্ছায় পরিবর্তনের কোন আবেদন করিলে অথবা বিভাগীয় কর্মকর্তা বা কালেক্টরের নিকট হইতে কমিশন কর্তৃক গৃহীত টার্ণওভার কর সম্পর্কে ভিন্নতর কোন তথ্য প্রেরিত হইলে, কমিশন তাহা পুনঃ পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং উপ-বিধি (৯) এ বর্ণিত পদ্ধতিতে টার্ণওভার করদাতার বার্ষিক প্রদেয় টার্ণওভার কর পুনঃনির্ধারণ প্রক্রিয়া সম্পন্ন করিবেন।

(১১) কমিশন কর্তৃক নির্ধারিত বার্ষিক প্রদেয় টার্ণওভার কর উপ-বিধি (৪) এবং উপ-বিধি (৫) এ বর্ণিত পদ্ধতিতে পরিশোধ করিতে হইবে।

(১২) কমিশনের নিকট পেশকৃত আবেদনে ঘোষিত বা কমিশন কর্তৃক তদন্তশেষে স্থিরকৃত টার্ণওভারের পরিমাণ মূল্য সংযোজন করের উদ্দেশ্যে নিবন্ধনের জন্য নির্ধারিত ন্যূনতম পরিমাণের চেয়ে বেশী বলিয়া প্রমাণিত হইলে মূল্য সংযোজন কর ব্যবস্থায় উক্ত ব্যক্তির নিবন্ধিত হওয়ার জন্য কমিশন আবেদনপত্রটি সংশ্লিষ্ট কালেক্টর বা বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

(১৩) তালিকাভুক্ত ব্যক্তি কমিশন বা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক নির্ধারিত বার্ষিক টার্ণওভার কর উপ-বিধি (৪) বা (৫) এ বর্ণিত পদ্ধতিতে পরিশোধে ব্যর্থ হইলে বিভাগীয় কর্মকর্তা তাহার উপর, সর্বোচ্চ পাঁচ হাজার টাকা অর্থদন্ডসহ, অনাদায়ী পরিমাণের উপর মাসিক দুই শতাংশ হারে অতিরিক্ত কর আরোপ করিতে পারিবেন।

(১৪) টার্ণওভার কর সম্পর্কিত যে কোন সরকারী পাওনা ধারা ৫৬ তে বর্ণিত পদ্ধতিতে আদায়যোগ্য হইবে।

(১৫) ভুলবশতঃ বা অধিক পরিশোধিত টার্ণওভার কর সংক্রান্ত যে কোন অর্থ প্রত্যর্পণের ক্ষেত্রে ধারা ৬৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(১৬) টার্ণওভার কর প্রদানকারী ব্যক্তি তাহার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল হইতে পণ্য অপসারণকালে বা সেবা প্রদানকালে তাহার নিজস্ব পন্থায় দলিলাদি সংরক্ষণ করিবেন এবং পণ্য অপসারণ বা সেবা প্রদানকালে ইস্যুকৃত ক্যাশ মেমোতে তাহার তালিকাভুক্তির নম্বর স্পষ্টভাবে উল্লেখ করিবেন।

(১৭) ধারা ১৭ অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদানের জন্য স্বেচ্ছায় নিবন্ধিত কোন ব্যক্তির ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।;"

(৪) বিধি ৯ এর উপ-বিধি (১), (২) ও (৩) এ "সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলির পরিবর্তে "পনের লক্ষ টাকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১৫ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) ও (ঙ) তে "সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা" শব্দগুলির পরিবর্তে "পনের লক্ষ টাকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৩০ এর দফা (গ) এর "তিন মাসের" শব্দগুলির পরিবর্তে "ছয় মাসের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ৩৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩৯ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"৩৯। পণ্য অপসারণের সময়সীমা।- (১) করযোগ্য পণ্যের বিপরীতে যথাযথভাবে কর পরিশোধ ও চালানপত্র প্রদান সাপেক্ষে, নিবন্ধিত ব্যক্তি যে কোন সময়ে তাহার প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল হইতে অপসারণ করিতে পারিবেন। তবে পণ্যের প্রকৃতি, অপসারণ প্রক্রিয়া ও করদাতার অবয়ব (রেমতধফণ) বিবেচনাক্রমে, প্রয়োজন বোধে, কালেক্টর, আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্ত সাপেক্ষে, যে কোন নিবন্ধিত ব্যক্তির প্রস্তুতকৃত বা উৎপাদিত যে কোন পণ্য বা পণ্য শ্রেনীর অপসারণের সময়ের ক্ষেত্রে বাধা-নিষেধ আরোপ করিতে পারিবেন।";

(৮) ফরম 'মূসক-১' এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

মূসক-১

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

মূল্য ঘোষণাপত্র
[ বিধি ৩ দ্রষ্টব্য ]

১। করদাতার নামঃ ..............................................

২। ঠিকানাঃ ..............................................

৩। টেলিফোন নম্বরঃ ..............................................

৪। নিবন্ধন সংখ্যাঃ ·················· এলাকা কোডঃ ········

| পণ্যের নাম | বিক্রয় একক | কর নির্ধারণের মূল্য ভিত্তি | | প্রস্তাবিত পাইকারী /খুচরা মূল্য |
|---|---|---|---|---|
| | | বর্তমান | প্রস্তাবিত | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |

৫। আমি ঘোষণা করিতেছি যে, কর ধার্যের জন্য উপরি-উক্ত মূল্যভিত্তি সম্পর্কিত সকল তথ্যাদি সত্য ও সঠিক।

৬। আমার ঘোষিত মূল্যভিত্তির অনুকূলে কাঁচামাল ও অন্যান্য খরচাদির একটি বিবরণী এবং পণ্যের সম্ভাব্য বাজার মূল্য তালিকা (খুচরা/পাইকারী) এতদসংগে সংযুক্ত করিলাম।

৭। আমার ঘোষিত মূল্য ·············· তারিখ থেকে কার্যকর হইবে।

তারিখ ············· নিবন্ধিত ব্যক্তি/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর

## বিভাগীয় কর্মকর্তার দপ্তর পূরণ করিবে

১। দাখিলকৃত মূল্য ঘোষণায় কোন আপত্তি নাই বিধায় প্রথম অনুলিপি ················ তারিখে গৃহীত হইল এবং দ্বিতীয় অনুলিপি নিবন্ধিত ব্যক্তিকে ················ তারিখে ফেরত প্রদান করা হইল।

২। দাখিলকৃত মূল্য ঘোষণায় নিম্নবর্ণিত ক্ষেত্রে আপত্তি থাকায় আপত্তির ব্যাপারে মতামত প্রদান/প্রমাণাদি ················ তারিখের মধ্যে উথাপনের জন্য অনুরোধ জানান হইল।

তারিখঃ ··········· বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর। ";

(৯) ফরম মূসক-২ এর –

ক্রমিক নং ৬ এর –

(ক) দফা (ক) এর "এককালীন বাৎসরিক (১৫,০০০ টাকা)" শব্দগুলি, কমাটি, বন্ধনীগুলি ও সংখ্যাটির পরিবর্তে "এককালীন বার্ষিক প্রদেয় কর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর "ত্রৈমাসিক ভিত্তিতে দাখিলপত্রের মাধ্যমে" শব্দগুলির পরিবর্তে "ত্রৈমাসিক প্রদেয় করের পরিমাণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১০) ফরম "মূসক-২" এর পর নিম্নরূপ নূতন ফরম "মূসক-২ক" সংযোজিত হইবে, যথাঃ-

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

মূসক-২ক

কমিশনের নিকট বার্ষিক টার্ণওভার কর নির্ধারনের আবেদনপত্র
[ বিধি ৪ (৬) দ্রষ্টব্য ]

১। আবেদনকারীর নামঃ ...............................................

২। প্রতিষ্ঠানের নামঃ ...............................................

৩। ব্যবসায়িক ঠিকানাঃ ...............................................
(টেলিফোন নম্বরসহ)

৪। স্থায়ী ঠিকানাঃ ...............................................
(টেলিফোন নম্বরসহ)

৫। ঘোষিত টার্ণওভারের পরিমাণ (টাকায়) ...............................................

৬। বিভাগীয় কর্মকর্তা কর্তৃক নির্ধারিত বার্ষিক টার্ণওভার (টাকায়) ...............

৭। টার্ণওভার কর তালিকাভুক্তি সংখ্যা .............................. তারিখ ..........

৮। এলাকা কোড .............................. কার্যক্রম কোড ..........

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর";

(১১) ফরম "মূসক-৩" এর "১৫,০০০ টাকা" সংখ্যা, কমা ও শব্দটির পরিবর্তে "প্রদেয় কর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(১২) ফরম মূসক-৪ এর "১৫,০০০ টাকা" সংখ্যা, কমা ও শব্দটি বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

সাইফুল ইসলাম খান
সদস্য(মূসক)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।